আজকের কাগজ ৭২

তারিখ 26 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

## পটুয়াখালীর তেগাছিয়া বিদ্যালয়ের ছাদ ধসে পড়েছে

পটুয়াখালী জেলার কলাপাড়া তেগাছিয়া হাই স্কুলের ছাদ সম্প্রতি ধসে পড়ায় গত দু'সপ্তাহ যাবত উক্ত বিদ্যালয়ের ক্লাস বন্ধ রয়েছে। ফলে ঐ বিদ্যালয়ের ৩ শতাধিক ছাত্র-ছাত্রীর লেখাপড়ার ব্যাঘাত হচ্ছে। ষাটের দশকে নির্মিত বিদ্যালয়ের ভবনটি নির্মাণের পর থেকে মেরামত না হওয়ায় নব্বই-এর দশকে ভবনের প্লাস্টার খসে পড়তে শুরু করে এবং ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে ভবনটি। বিগত ১৯৯১ সালে কলাপাড়ার সহকারী প্রকৌশলী উক্ত বিদ্যালয় ভবনটি ব্যবহারের অনুপযোগী ঘোষণা করেন। বিকল্প কোনো ব্যবস্থা না থাকায় জীবনের ঝুঁকি নিয়ে সেখানে ক্লাস নেয়া হচ্ছিল। সম্প্রতি প্রবল বর্ষণে ছাদে পানি জমে ফাটল দেখা দেয়। ধসে পড়ে ছাদের একাংশ। যে কোন সময় ভবনটি সম্পূর্ণ ধ্বসে পড়তে পারে। এ অবস্থায় গত ৬ জুলাই থেকে বিদ্যালয়ের ক্লাস বন্ধ করে দেয়া হয়েছে। এতে ৩ শতাধিক ছাত্রছাত্রীর লেখাপড়ার ব্যাঘাত ঘটছে। এ দিকে, ফ্যাসিলিটিজ বিভাগ বিদ্যালয় ভবন নির্মাণের জন্য টেন্ডার আহবান করে। ঠিকাদার কাজ শুরু করলেও তা দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজর দেয়া প্রয়োজন।